

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ: ১১ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/২৬ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং-১৪/মূসক/২০১৭—যেহেতু, আমদানিতব্য সর্বমোট ১১৫ (একশত পনের) টি পিস্তল (গ্লক-১৭ এবং গ্লক ১৯), ১১৫ (একশত পনের) টি পিস্তল হোলস্টার (ফাইবার) ও ম্যাগাজিন কভার (লেদার) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং সরকার কর্তৃক ঘোষিত সকল ভিভিআইপি'র দৈহিক নিরাপত্তার কাজে ব্যবহৃত হইবে; এবং

যেহেতু, প্রধানমন্ত্রীর কার্যালয় হইতে উল্লিখিত পিস্তল, পিস্তল হোলস্টার এবং ম্যাগাজিন কভার ক্রয়ের নিমিত্তে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হইয়াছে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর রাজনৈতিক শাখা-৪ হইতেও বর্ণিত অস্ত্র ও গোলাবারুদ ক্রয়ের ক্ষেত্রে অনাপত্তি প্রদান করা হইয়াছে ও জাতীয় রাজস্ব বোর্ড হইতে প্রযোজ্য শুল্ক করাদি (VAT, ATV ও AIT ব্যতীত) মওকুফ করা হইয়াছে;

(১০৩৪৭)
মূল্য : টাকা ৪.০০

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করা ও জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় স্পেশাল সিকিউরিটি ফোর্সের জন্য আমদানিতব্য ১১৫ (একশত পনের) টি পিস্তল (গ্লুক-১৭ এবং গ্লুক-১৯), ১১৫ (একশত পনের) টি পিস্তল হোলস্টার (ফাইবার) ও ম্যাগাজিন কভার (লেদার) এর উপর প্রযোজ্য VAT ও ATV মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করিল।

শর্তাবলি:

- (ক) স্পেশাল সিকিউরিটি ফোর্সের জন্য আমদানিতব্য ১১৫ (একশত পনের) টি পিস্তল (গ্লুক-১৭ এবং গ্লুক-১৯ ব্রাড), ১১৫ (একশত পনের) টি পিস্তল হোলস্টার (ফাইবার) ও ম্যাগাজিন কভার (লেদার) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং সরকার কর্তৃক ঘোষিত সকল ভিভিআইপি'র দৈনিক নিরাপত্তার জন্য কাজে ব্যবহৃত হইবে এবং এগুলো বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাইবে না;
- (খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ. এস. কোডে শুল্কায়ন করিতে হইবে;
- (গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হইতে হইবে;
- (ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এই ক্ষেত্রে পরিপালনীয় হইবে; এবং
- (ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে যে, উক্ত ১১৫ (একশত পনের) টি পিস্তল (গ্লুক-১৭ এবং গ্লুক-১৯ ব্রাড) ও ১১৫ (একশত পনের) টি পিস্তল হোলস্টার (ফাইবার) ও ম্যাগাজিন কভার (লেদার) কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, চুরি বা খোয়া যাওয়া কিংবা অন্যবিধ ক্ষেত্রে ব্যবহার করা হইলে আমদানিকারক কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd